# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৬৮

১/ বিবিধ

---

আরবী

من رفع قرطاسا من الأرض فيه بسم الله الرحمن الرحيم إجلالا أن يداس كتب عند الله من الصديقين، وخفف عن والديه وإن كانا مشركين، ومن كتب بسم الله الرحمن الرحيم فجوده تعظيما لله غفر له
موضوع

أخرجه أبو الشيخ ابن حبان في " طبقات الأصبهانيين " (ص 234) مفرقا في موضعين وابن عدي (1 / 246) بتمامه من طريق أبي سالم الرواسي العلاء بن مسلمة قال: حدثنا أبو حفص العبدي عن أبان عن أنس مرفوعا، وذكره ابن الجوزي في " الموضوعات " (1 / 226) من رواية ابن عدي ثم قال: أبان ضعيف جدا، وأبو حفص أشد منه ضعفا، وأبو سالم العلاء بن مسلمة كذبه محمد بن طاهر الأزدي لا تحل الرواية عنه
قال السيوطي في " اللآليء " (1 / 202) : قلت: أورده ابن عدي في ترجمة العبدي وقال: إنه متروك الحديث، قال: وقد روي عن علي بن أبي طالب من وجه لا يصح

বাংলা

২৬৮। যে ব্যাক্তি যমীন হতে বিসমিল্লাহির রাহমানির রাহীম লিখা কাগজ উঠাবে; তাঁকে পদদলিত হওয়া থেকে সম্মান প্রদর্শন করে, তাঁকে আল্লাহর নিকট সত্যবাদী বিশ্বাসীদের মধ্যে লিপিবদ্ধ করা হবে এবং তার পিতা-মাতার উপর হতে শাস্তি লাঘব করা হবে যদিও তাঁরা দু’জন মুশরিক হয়। আর যে ব্যাক্তি বিসমিল্লাহির রাহমানির রাহিম লিখল, অতঃপর আল্লাহকে সম্মান দেখিয়ে তাঁকে সৌন্দর্য মণ্ডিত করল, তাঁকে ক্ষমা করে দেয়া হবে।

হাদীসটি জাল।

এটি আবুশ শাইখ ইবনু হিব্বান “তাবাকাতুল আসবাহানিয়ীন" গ্রন্থে (পৃঃ ২৩৪) এবং ইবনু আদী (১/২৪৬) আবূ সালেম আর-রাওয়াসী আলা ইবনু মাসলামী সূত্রে আবু হাফস আল-আবাদী হতে, তিনি আবান হতে ... বর্ণনা করেছেন।

ইবনুল জাওযী এটিকে তার "আল-মাওযু’আত" গ্রন্থে (১/২২৬) ইবনু আদীর বর্ণনায় উল্লেখ করে বলেছেনঃ আবান নিতান্তই দুর্বল। হাফস তার চেয়েও দুর্বল এবং আবু সালেম আলা ইবনু মাসলামাকে মুহাম্মাদ ইবনু তাহির আল-আযদী মিথ্যুক আখ্যা দিয়েছেন। তিনি আরো বলেছেনঃ তার থেকে বর্ণনা করা হালাল নয়।

সুয়ূতী “আল-লাআলী” গ্রন্থে (১/২০২) বলেনঃ আবাদীর জীবনী বর্ণনা করতে গিয়ে এটিকে ইবনু আদী উল্লেখ করে বলেছেনঃ তিনি মাতরূকুল হাদীস। তিনি (সুয়ূতী) আরো বলেনঃ এটি আলী ইবনু আবী তালিব (রাঃ) হতে বর্ণিত হয়েছে, কিন্তু সহীহ্ নয়।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5528

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন